## জশাহী জেলাধীন বাগমারা উপজেলা পরিষদের এপ্রিল ২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

অধিবেশন নং : ২৯/২০২২
সভার তারিখ : ২১-০৪-২০২২ খ্রি.
সময় : সকাল ১০.০০ টা
সভাপতি : জনাব অনিল কুমার সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "ক"(সংযুক্ত)
সভায় অনুপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট "খ"(সংযুক্ত)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়।

আলোচ্য বিষয় ঃ (১) বিগত সভার কার্যবিবরণী পঠন, অনুমোদন ও দৃঢ়ীকরণ।

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে জাইকার অর্থায়নে গৃহীত প্রকল্পসমূহ সংশোধন করতঃ নিম্নরুপ প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

১। মচমইল ডিগ্রী কলেজের ছাত্রীদের জন্য কমন রুম নির্মাণ-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা।

২। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি কর্ণার নির্মাণ-১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা।

৩। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ নির্মাণ ও সরবরাহ-১০,০০,০০০/- (দশ লক্ষ)টাকা ।

৪। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা ভ্যাকসিনেশনের জন্য এক কক্ষ বিশিষ্ট ভবন নির্মাণ ১০,০০,০০০/- (দশ লক্ষ)টাকা।


৫। বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ- ১০,০০,০০০/- (দশ লক্ষ)টাকা।

আর কোন আপত্তি না থাকায় তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | (ক) উপজেলা প্রকৌশল সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর অর্থায়নে গৃহীত প্রকল্পের কাজ কিছু কিছু সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে।<br>(খ) উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মাণাধীন আনসার ক্যাম্পের সংশোধিত প্রাক্কলন ১৭,২০,৭৭৪/- টাকা নির্ধারণ করা হচ্ছে। যা মূল প্রাক্কলনের ১৪.৭২% বেশি। সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান।<br>(গ) হাটগাঙ্গোপাড়া রাস্তা নির্মাণের বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্ঠি আকর্ষণ করে জানান যদি আইনি জটিলতার কারণে উচ্ছেদ কার্যক্রম বিলম্ব হয় সে ক্ষেত্রে হাট গাঙ্গোপাড়া বাজারে ৩০০ মিটার রাস্তার কাজ করার যে জটিলতা রয়েছে তা সমাধানের জন্য অনুরোধ জানান।<br>(ঘ) ভবানীগঞ্জ থেকে হামিরকুৎসা হয়ে বীরকুৎসা রেল স্টেশন পর্যন্ত রাস্তার গাছ অপসারণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে বন কর্মকর্তার কাছে মূল্য নির্ধারণের জন্য সহযোগিতা কামনা করেন। | (ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ কতরা জয়।<br>(খ) আনসার ক্যাম্প নির্মাণের সংশোধিত প্রাক্কলন সর্ব সম্মতিক্রমে অনুমোদ করা হয়।<br>(গ) হাটগাঙ্গোপাড়া রাস্তা নির্মাণের স্বার্থে স্থানীয় জনপ্রতিনিধি ও রাজতৈকি নেতৃবৃন্দের সমন্বয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(ঘ) ভবানীগঞ্জ থেকে হামিরকুৎসা হয়ে বীরকুৎসা রেল স্টেশন পর্যন্ত রাস্তার গাছ অপসারণের লক্ষ্যে অপসারণ যোগ্য গাছসমূহের মূল্য নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, বাগমারা<br>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী<br>উপজেলা বন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | (ঙ) সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ প্রকল্পে বাগমারা, বুজরুককোলা, মচমইল, ভবানীগঞ্জ ও হায়াতপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কাজের গতি খুবই কম। সংশ্লিষ্ট ঠিকাদারকে বার বার তাগিদ দেয়া সত্বেও কাজের গতি বাড়ছে না। এ বিষয়ে তিনি উপজেলা পরিষদের হস্তক্ষেপ কামনা করেন।<br>(চ) তিনি আরও জানান উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভায় উপজেলা নারী উন্নয়ন ফোরামের মাধ্যমে দরিদ্র ছাত্রীদের (৮ম হতে ১০ম শ্রেণী) পর্যন্ত বাই সাইকেল সরবরাহ প্রকল্প গৃহীত ও অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে কয়েকটি ব্রান্ডের বাই সাইকেলের বাজার দর যাচাই করা হয়। যথা ঃ ১. আরএফএল দুরন্ত-প্রতিটির মূল্য ৬,৫০০/-, এনজেলিনা-প্রতিটির মূল্য ৭,৬০০/-, মেঘনা সেভেন্টি ওয়ান প্রতিটি ৭৫০০/- টাকা। কোন ব্রান্ডের সাইকেল ক্রয় ও সরবরাহ করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | (ঙ) সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ প্রকল্পে বাগমারা, বুজরুককোলা, মচমইল, ভবানীগঞ্জ ও হায়াতপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ দ্রুত সমাপ্তির বিষয়ে শেষ বারের মত সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদপত্র প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। এরপরও কাজ সমাপ্তি না হলে বিধি মোতাবেক সশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা ও কালো তালিকা ভুক্তির ব্যবস্থা গ্রহণের জন্যেও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(চ) আরএফএল দুরন্ত সাইকেল দেশীয় পণ্য হওয়ায় উক্ত ব্রান্ড ও দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এছাড়া আয়কর, ভ্যাট, ঠিকাদারী লভ্যাংশ, পরিবহন ও অন্যান্য ব্যয়সহ প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজে<br><br>উপজেলা প্রকৌশলী |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান আগামী ২৩ ও ২৫ এপ্রিল জাতীয় পুষ্টি সপ্তাহ উদযাপন করা হবে। তিনি আরও জানান এ পর্যন্ত বাগমারা উপজেলায় করোনা ভ্যাকসিন ১ম ডোজ ৭৬%, ২য় ডোজ ৬৩% ও ৩য় ডোজ (বুস্টার) ৫% সম্পন্ন হয়েছে। যা সন্তোষজনক। এছাড়া তিনি স্বাস্থ্য কমপ্লেক্সের বাসাবাড়ি ও বাউন্ডারী ওয়াল সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | জাতীয় পুষ্টি সপ্তাহ সাফল্যমন্ডিত করার লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য দপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য জনপ্রতিনিধি বৃন্দকে অনুরোধ করা হয়।<br>স্বাস্থ্য কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল ও বাসাবাড়ি সংস্কারের প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | জনপ্রতিনিধিবৃন্দ<br><br>উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা কৃষি অফিসারসভায় জানান যে, আগামী ২৪-৪-২০২২খ্রি. তারিখে নির্ধারিত কার্ডধারী ৩৪০০ জন কৃষকের মধ্যে মাননীয় সংসদ সদস্যের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে আউস প্রোণোদনার সার ও বীজ বিতরণ করা হবে। উক্ত অনুষ্ঠানে তিনি সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | আউস প্রোণোদনার সার ও বীজ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধি বৃন্দকে অনুরোধ করা হয়। | জনপ্রতিনিধি বৃন্দ/ বিভাগীয় কর্মকর্তা বৃন্দ |
| ০৪ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তার দপ্তর কর্তৃক অত্র উপজেলার ৩০০ জন মৎস্যজীবিকে প্রশিক্ষণ প্রদান করা হবে। ইউনিয়নওয়ারী মৎস্যজীবিদের তালিকা তার দপ্তরে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | প্রশিক্ষণযোগ্য মৎস্যজীবিদের তালিকা উপজেলা মৎস্য দপ্তরে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার/ ইউপি চেয়ারম্যান |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ বিষয়ক আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রাণি সম্পদ অফিসারের দৃষ্টি আকর্ষণ করে জানান নীতিমালা লঙ্ঘন করে লোকালয়ের মধ্যে যে সকল মুরগীর খামার গড়ে উঠেছে তার তালিকা এবং লাইসেন্স বিহীন খামার চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষায় এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে অত্র উপজেলায় ৯৫৪১টি ভিজিএফ কার্ডের বরাদ্দ পাওয়া গেছে। বিভাজন অনুযায়ী ২৮-০৪-২০২২খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান। এছাড়া তিনি প্রতিটি ইউপির ০৯ টি ওয়ার্ডের মাটির রাস্তার তালিকা জরুরী ভিত্তিতে প্রস্তুতকরতঃ তার দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করেন। | জরুরী ভিত্তিতে ভিজিএফ সুবিধাভোগীর তালিকা ও মাটির রাস্তার তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তরে জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | সকল ইউপি চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| | রী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার প্তরের জন্য নতুন ভবন নির্মাণের লক্ষ্যে বরাদ্দ পাওয়া গেছে। নতুন ভবন নির্মাণের স্বার্থে বর্তমানে ব্যবহৃত জরাজীর্ণ অফিস ভবন অপসারণের লক্ষ্যে নিলাম করা প্রয়োজন। নিলামের পূর্বে ভবনটির মূল্য নির্ধারন সংক্রান্ত প্রাক্কলন করা প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরের নতুন ভবন নির্মাণের স্বার্থে বর্তমান ব্যবহৃত জরাজীর্ণ অফিস ভবন নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে ভবনটির মূল্য নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জনান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তেমন কোন সমস্যা নাই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জনান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তেমন কোন সমস্যা নাই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |
| ১০ | উপজেলা হিসাব রক্ষণ অফিসার সভায় জানান যে, তার দপ্তরের ৪টি কক্ষের প্লাস্টার লোনা ধরে ভেঙ্গে পড়ছে এছাড়া পানির লাইন ও বারান্দার সংস্কার প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা হিসাব রক্ষণ অফিসের কক্ষসমূহ সরেজমিন পরিদর্শন করতঃ প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী,এলজিইডি কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জনান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তেমন কোন সমস্যা নাই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জনান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তেমন কোন সমস্যা নাই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, তার দপ্তর কর্তৃক নির্ধারিত ব্যক্তি/ সমিতির মধ্যে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সরকারী নীতিমালা অনুসরণে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, বাগমারা, রাজশাহীকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৪ | চেয়ারম্যান, নরদাশ ইউপি সভায় জানান যে, তার ইউপির বাঁইগাছা থেকে নরদাশ ইউপি অফিস পর্যন্ত ও হাটগাঙ্গোপাড়া থেকে নরদাশ পর্যন্ত রাস্তা ০২টি ভেঙ্গে যানবাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। এছাড়া বাঁধের হাট থেকে ফতেপুর রাস্তা কাঁচা হওয়ায় আসন্ন বর্ষা মৌসুমে যানবাহন চলাচল ব্যহত হবে। যার জন্য তিনি ভাঙ্গা রাস্তা ০২টি সংস্কার ও কাঁচা রাস্তাটি পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বাঁইগাছা থেকে নরদাশ ইউপি অফিস পর্যন্ত ও হাটগাঙ্গোপাড়া থেকে নরদাশ পর্যন্ত রাস্তা ০২টি সংস্কার ও বাঁধের হাট থেকে ফতেপুর রাস্তা পাকা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৫ | চেয়ারম্যান, শ্রীপুর ইউপি সভায় জানান যে, বাগমারা উপজেলায় ইউনিয়ন ওয়া০১০রী নিয়োজিত কোন কোন বিসিআইসি ডিলার নিজ ইউনিয়ন এলাকায় সার বিক্রয় না করে অন্য এলাকায় সার বিক্রয় করছে। যার জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের কৃষকেরা সার প্রাপ্তিতে বিড়ম্বনার শিকার হচ্ছে। স্ব স্ব ইউনিয়ন এলাকায় বিসিআইসি ডিলারদের সার বিক্রয়ের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | এবিষয়ে তদন্তপূর্বক স্ব স্ব ইউনিয়ন এলাকায় সার বিক্রেয় বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, বাগমারা |



| | | | |
|---|---|---|---|
| ১৬ | চেয়ারম্যান, আউচপাড়া ইউপি সভায় জানান যে, তার ইউপির পালোপাড়া মোড় হতে খালগ্রাম হাট এবং রক্ষিৎপাড়া মফিজের দোকান হতে সেকেন্দারের বাড়ি পর্যন্ত রাস্তা ভেঙ্গে যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। জরুরী ভিত্তিতে জনস্বার্থে রাস্তাটি সংস্কার করা প্রয়োজন। এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | আউচপাড়া ইউপির পালোপাড়া মোড় হতে খালগ্রাম হাট এবং রক্ষিৎপাড়া মফিজের দোকান হতে সেকেন্দারের বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | [illegible] |
| ১৭ | চেয়ারম্যান, শুভডাঙ্গা ইউপি সভায় জানান যে, তার ইউপির মচমইল হাট বাগমারা উপজেলার সকল হাটের চেয়ে বেশি মূল্যে ইজারা হয়। হাটের জায়গায় স্থান সংকুলান না হওয়ায় ব্যক্তি মালিকানা জমিতে অনেক পণ্য ক্রয় বিক্রয় হয়। প্রায় ৪০ বছর পূর্বে হাটের জমিতে এলজিইডি কর্তৃক নির্মিত গোডাউন ব্যবহার অনুপোযোগী ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। যে কোন সময় ভবন ধসে যানমালের ক্ষতিসাধন হতে পারে। ভবনটি অপসারণ করা হলে হাটের জায়গা বৃদ্ধি পাবে এবং সরকারী ইজারা মূল্য অনেক বেড়ে যাবে। যার জন্য তিনি ভবনটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | মচমইল হাটের জায়গা বৃদ্ধি ও সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে মচমইল হাটে ঝুঁকিপূর্ণ এলজিইডি কর্তৃক নির্মিত গোডাউন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, বাগমারা |
| ১৮ | চেয়ারম্যান, গনিপুর ইউপি সভায় জানান যে, তার ইউপির মোহনগঞ্জ হাট বাগমারা উপজেলার একটি অন্যতম হাট। হাটের জায়গার (পশু হাট) স্থান সংকুলান না হওয়ায় ব্যক্তি মালিকানা জমিতে অনেক পণ্য ক্রয় বিক্রয় হয়। প্রায় ৪০ বছর পূর্বে পশু হাটের পার্শ্বে এলজিইডি কর্তৃক নির্মিত গোডাউন ব্যবহার অনুপোযোগী ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। যে কোন সময় ভবন ধসে যানমালের ক্ষতিসাধন হতে পারে। ভবনটি অপসারণ করা হলে হাটের জায়গা বৃদ্ধি পাবে এবং সরকারী ইজারা মূল্য অনেক বেড়ে যাবে। যার জন্য তিনি ভবনটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | মোহনগঞ্জ হাটের জায়গা বৃদ্ধি, জানমালের ক্ষয়ক্ষতি রোধ ও সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে মোহনগঞ্জ হাটে এলজিইডি কর্তৃক নির্মিত ঝুঁকিপূর্ণ গোডাউন অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, বাগমারা |
| ১৯ | চেয়ারম্যান, সোনাডাঙ্গা ইউপি সভায় জানান যে, তার ইউপির ভরট্ট ফুটবল মাঠের নিকট ব্রীজ হতে ভরট্ট ভাটোপাড়া ব্রীজ হয়ে বাঁধের হাট পর্যন্ত রাস্তা কাঁচা হওয়ায় বর্ষা মৌসুমে যান বাহন চলাচল চরমভাবে বিঘ্নত হয়। যার জন্য তিনি জনস্বার্থে রাস্তটি পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | ভরট্ট ফুটবল মাঠের নিকট ব্রীজ হতে ভরট্ট ভাটোপাড়া ব্রীজ হয়ে বাঁধের হাট পর্যন্ত কাচা রাস্তা জনস্বার্থে পাক করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২০ | চেয়ারম্যান, বাসুপাড়া ইউপি সভায় জানান যে, বারইন নদীর উপর রাবারড্যাম স্থাপনের ফলে নদীর পানি স্বাভাবিক রয়েছে। বর্তমানে বৃষ্টির পানিতে নদীর পানি বৃদ্ধি হচ্ছে। অতিরিক্তি পানি বৃদ্ধি হলে বিলে পানি ঢোকার সম্ভবনা রয়েছে। বিলে পানি ঢোকলে চলতি মৌসুমের ইরি-বোরো ধান ডুবে যেতে পারে। যার জন্য ধান সংগ্রহের পূর্ব পর্যন্ত বিলে যেন পানি না ঢোকে সে বিষয়ে প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান দেউলিয়া বাসট্রার্মিনাল হতে ভবানীগঞ্জ বাজার ব্রীজ পর্যন্ত রাস্তা এডিপির অর্থায়নে সংস্কার কাজ চলমান রয়েছে। কিন্তু পানি নিষ্কাশনের ড্রেন না থাকায় সংস্কারকৃত রাস্তা টেকসই হবে না। যার জন্য তিনি পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | নদীতে পানির বৃদ্ধির ফলে বিলে যেন পানি না ঢুকে সে জন্য রাবার ড্যামের প্রতি দৃষ্টি রাখাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br><br>দেউলিয়া বাসট্রার্মিনাল হতে ভবানীগঞ্জ বাজার ব্রীজ পর্যন্ত সংস্কারকৃত রাস্তায় পানি যেন না জমে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | [illegible]্যান, যোগীপাড়া ইউপি সভায় জানান যে, তার [illegible]র কিনুর মোড় হতে নিচু কাতিলা সরকারী প্রাথমিক [illegible]দ্যালয় পর্যন্ত রাস্তা কাঁচা হওয়ায় বর্ষা মৌসুমে ছাত্র/ছাত্রীদের যান বাহন চলাচলের চরম সমস্যা হয়। যার জন্য তিনি রাস্তাটি জরুরী ভিত্তিতে পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবায় অনুরোধ জানান। | কিনুর মোড় হতে নিচু কাতিলা সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা জনস্বার্থে পাকা করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২২ | চেয়ারম্যান, হামিরকুৎসা ইউপি সভায় জানান যে, তার ইউপির বিলজসায় খালের উপর ব্রীজ না থাকায় শত শত একর জমির ধান আহরণে কৃষকগণ ক্ষতির সম্মুখীন হচ্ছে। চলতি মৌসুমে ধান আহরণের স্বার্থে আপাতত একটি বাঁশের সেতু নির্মাণ করা প্রয়োজন। এছাড়া কোনা বাড়িয়া সাকিদার পাড়া মসজিদ হতে শেখপাড়া পর্যন্ত রাস্তার বিভিন্ন স্থানে ধসে পড়ায় যানবাহন চলাচল ব্যহত হচ্ছে। জরুরী ভিত্তিতে রাস্তা ভাঙ্গা রক্ষার্থে প্রোটেকশন ওয়াল নির্মাণ ও মাটির কাজ করা প্রয়োজন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ করেন। | চলতি মৌসুমে কৃষকদের ধান আহরণের স্বার্থে বিলজসায় খালে একটি বাঁশের সেতু নির্মাণের স্বার্থে সরেজমিন তদন্ত করে প্রাক্কলন প্রস্তুতের জন্য এবং সাকিদার পাড়া মসজিদ হতে শেখপাড়া পর্যন্ত রাস্তায় প্রয়োজনীয় স্থানে প্রোটেকশন ওয়াল নির্মাণ ও মাটির কাজের প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২৩ | চেয়ারম্যান, গোয়ালকান্দি ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের রামরামা হতে হাসনিপুর রাস্তাটি কাঁচা হওয়ায় আসন্ন বর্ষা মৌসুমে জনসাধারণ ও যানবাহন চলাচল বিঘ্নিত হবে। যার জন্য তিনি রাস্তাটি পাকা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | গোয়ালকান্দি ইউপি রামরামা হতে হাসনিপুর কাঁচা রাস্তাটি পাকা করণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ২৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদে বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার স্বার্থে নিম্নবর্নিত পরামর্শ প্রদান করেন।<br>(ক) সকল দপ্তরের সরকারী উন্নয়নমূলক প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে স্বচ্ছভাবে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।<br>(খ) সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান।<br>(গ) শুভডাঙ্গা ইউনিয়নের মচমইল হাটের ও গনিপুর ইউপির মোহনগঞ্জ হাটে এলজিইডি কর্তৃক নির্মিত জরাজীর্ণ ভবন যানমালের ক্ষয়ক্ষতি রোধে দ্রুত অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>(ঘ) বাগমারা উপজেলাতে মডেল উপজেলায় রুপান্তরে ও জনকল্যাণে জনপ্রতিনিধি ও কর্মকর্তাবৃন্দের সমন্বয়ের মাধ্যমে উন্নয়ন কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করেন। | (ক) সকল দপ্তরের সরকারী উন্নয়নমূলক প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে স্বচ্ছভাবে বাস্তবায়নের জন্য বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে অনুরোধ করা হয়।<br>(খ) সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়।<br>(গ) শুভডাঙ্গা ইউনিয়নের মচমইল হাটের ও গনিপুর ইউপির মোহনগঞ্জ হাটে এলজিইডি কর্তৃক নির্মিত জরাজীর্ণ ভবন যানমালের ক্ষয়ক্ষতি রোধে দ্রুত অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(ঘ) বাগমারা উপজেলাতে মডেল উপজেলায় রুপান্তরে ও জনকল্যাণে জনপ্রতিনিধি ও কর্মকর্তাবৃন্দের সমন্বয়ের মাধ্যমে উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও জনপ্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়। | বিভাগীয় কর্মকর্তাবৃন্দে<br>বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও জনপ্রতিনিধিবৃন্দ<br>উপজেলা প্রকৌশলী<br>বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও জনপ্রতিনিধিবৃন্দ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(অনিল কুমার সরকার) ২১/০৪/২২
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগমারা,রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১১২.০০২.০২.০৩৫.২০-৫১০(৫০)

তারিখ ঃ ০৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৫ রাজশাহী-৪(বাগমারা)

০২। সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। পরিচালক, স্হানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৪। জেলা প্রশাসক, রাজশাহী

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী

০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী

০৭। উপজেলা .........................................................অফিসার,বাগমারা, রাজশাহী

০৮। চেয়ারম্যান...........................................................ইউপি,বাগমারা, রাজশাহী

০৯। জনাব......................................................................... বাগমারা, রাজশাহী।

২১/৪/২২

(মোঃ ফারুক সুফিয়ান)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী
ফোন-০৭২২২৫৬০০১
email.unobagmara@mopa.gov.bd

২১/৪/২২